

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ২১৩৬

২২/ সাওম [রোযা] (১যা়০)

পরিচ্ছেদঃ ১৩/ যুহরী (রহঃ) কর্তৃক আয়েশা (রাঃ) থেকে উক্ত রেওয়ায়ত বর্ণনায় সনদের পার্থক্য বর্ণনা

باب كَمِ الشَّهْرُ وَذِكْرِ الإِخْتِلاَفِ عَلَى الزُّهْرِيِّ فِي الْخَبَرِ عَنْ عَائِشَةَ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ، قَالَ حَدَّثَنَا عَمِّي، قَالَ حَدَّثَنِي أَبِي، عَنْ صَالِحٍ، عَنِ ابْنِ شِهَاب، أَنَّ عُبَيْدَ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي ثَوْدٍ، حَدَّثَهُ حَ، وَأَخْبَرَنَا عَمْرُو بْنُ مَنْصُورٍ، قَالَ حَدَّثَنَا الْحَكَمُ بْنُ نَافِع، قَالَ أَنْبَأْنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ مَنْصُورٍ، قَالَ حَدِينًا الْحَكَمُ بْنُ نَافِع، قَالَ أَنْبَأْنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي تُوْدٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ لَمْ أَزَلْ حَرِيصًا أَنْ أَسْأَلَ عُمْرَ بْنَ اللَّهِ بْنُ عَبْرِ مِنْ أَزْوَاجٍ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم اللَّتَيْنِ قَالَ اللَّهُ لَهُمَا الْخَطَابِ عَنِ الْمَرْأَتَيْنِ مِنْ أَزْوَاجٍ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم اللَّتَيْنِ قَالَ اللَّهُ لَهُ اللَّهُ لَهُمَا الله عليه وسلم نِسَاءَهُ مِنْ أَجْلِ ذَلِكَ الْحَدِيث حِينَ أَقْشَتُهُ حَقْصَةُ إِلَى عَائِشَةَ وَعَشْرِينَ لَيْلَةً . قَالَتْ عَائِشَةُ وَكَانَ قَالَ " مَا أَنَا بِدَاخِلِ عَلَيْهِنَّ شَهْرًا " . مِنْ شِدَّةِ مَوْجَدَتِهِ عَلَيْهِنَّ شَهْرًا " . مِنْ شِدَّةِ مَعْ وَعِشْرُونَ لَيْلَةً وَكَانَ قَالَ " مَا أَنَا بِدَاخِلُ عَلَيْهِنَ شَهْرًا " . مِنْ شِدَّةِ مَوْجَدَتِهِ عَلَيْهِنَ شَهْرًا " . مِنْ شِدَّةِ عَلَيْهِنَ قَلْمَا مَضَتَتْ تِسْعٌ وَعِشْرُونَ لَيْلَةً وَحَلَ حَدِيثَهُ لَلْهُ عَدَدًا فَقَالَ رَسُولُ اللّهِ أَنْ لاَ تَدْخُلُ عَلَيْنَا مُنْ تِسْعٍ وَعِشْرُونَ لَيْلَةً نَعُدُّهَا عَدَدًا فَقَالَ رَسُولُ اللّهِ صَلَى الله عليه وسلم " الشَّهُرُ تِسْعٌ وَعِشْرُونَ لَيْلَةً " .

বাংলা

২১৩৬। উবায়দুল্লাহ ইবনু সা'দ এবং আমর ইবনু মানসূর (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি সর্বদা লালায়িত ছিলাম যে, উমর ইবনু খাত্তাব (রাঃ)-কে রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর বিবিদের মধ্য থেকে ঐ দুই জন বিবি সম্পর্কে জিজ্ঞাসা করব যাদের সম্পর্কে আল্লাহ তা'আলা বলেছেনঃ إِنْ تَلُو بَكُمَا تَوُيا إِلَى اللَّهِ فَقَدْ صَغَتْ قُلُو بُكُما বিদি তোমরা উভয়ে অনুতপ্ত হয়ে আল্লাহর দিকে প্রত্যাবর্তন কর যেহেতু তোমাদের হৃদয় কে পড়েছে - আল্লাহ তোমাদের ক্ষমা করবেন। রাবী এ হাদীসকে বিস্তারিত বর্ণনা করেছেন এবং



এ ব্যাপারে উমর (রাঃ) বলেন যে, হাফসা (রাঃ) এ ঘটনা আয়িশা (রাঃ)-এর কাছে প্রকাশ করায় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ বিবিদের থেকে ঊনত্রিশ রাত বিচ্ছিন্ন রইলেন।

আয়িশা (রাঃ) বলেন, তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অত্যধিক ক্রোধবশত বলেছিলেন, যখন আল্লাহ তা'আলা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে তাদের ঘটনা ব্যক্ত করেছিলেন যে আমি তাদের ঘরে এক মাস পর্যন্ত প্রবেশ করব না। যখন উনত্রিশ রাত্র অতিবাহিত হয়ে গেল রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আয়িশা (রাঃ)-এর ঘরে প্রবেশ করলেন এবং তাঁকে দিয়েই পূনরায় বিবিদের ঘরে যাওয়া শুরু করলেন, তখন আয়িশা (রাঃ) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন ইয়া রাসুলাল্লাহ! আপনি তো শপথ করেছিলেন যে, আপনি আমাদের ঘরে একমাস পর্যন্ত প্রবেশ করবেন না; আজকে তো আমরা উনত্রিশ রাত্র অতিবাহিত করলাম, আমরা তো তা গননা করে রেখেছি। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন যে, মাসটি উনত্রিশ রাত্রের।

English

It was narrated that Ibn 'Abbas said:

"I was very keen to ask 'Umar bin Al-Khattab about the two wives of the Messenger of Allah to whom Allah said: If you two turn in repentance to Allah, (it will be better for you), your hearts are indeed so inclined." And he quoted the Hadith. He said concerning it: "The from his wives for twentynine days because of that, when Hafsah had made her disclosure to Aishah. He had said: 'I will not enter upon them for a month,' because he was so upset with them when Allah, the Mighty and Sublime, informed him of what they had said. When twenty-nine days had passed, he entered upon 'Aishah, so he started with her. Aishah, said to him: 'O Messenger of Allah, you swore not to enter upon us for a month, and now twenty-nine days have passed; we have been counting them.' The Messenger of Allah said; 'The month is twenty-nine days."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন